

যুব ও ক্রীড়া বিষয়ক উপজেলা কমিটির সভা

সভা নং-০৮

সভাপতি : জনাব মোঃ নজরুল ইসলাম নয়ন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।  
সভার স্থান : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়।  
তারিখ : ১৭-১০-২১ খ্রিঃ  
সময় : ০৩:৩০ ঘটিকা

সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবি ও স্বাক্ষর :

ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১	জনাব মোঃ জিয়াউল হক	চেয়ারম্যান, ৪ নং গালাগাঁও ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০২	জনাব মোঃ রেজাউল করিম দুদু	চেয়ারম্যান, ৫ নং বালিখা ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০৩	জনাব মোঃ মেজবাহ উদ্দিন মন্ডল	চেয়ারম্যান, ৬ নং চাকুয়া ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০৪	জনাব মোঃ আব্দুস সালাম	চেয়ারম্যান, ১০ নং বিসকা ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০৫	জনাব মোঃ রমিজ উদ্দিন আলম	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তারাকান্দা, ময়মনসিংহ।	স্বাক্ষর

সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে দ্রুত জানিয়ে যুব ও ক্রীড়া বিষয়ক উপজেলা কমিটির সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে আলোচ্য সূচী আলোচনা করতে বলেন। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় দাণ্ডরিক বিভিন্ন কার্যক্রম সম্পর্কে বিস্তারিতভাবে উপস্থাপন করেন।

০১। প্রশিক্ষণ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় ২০২১-২০২২ খ্রিঃ অর্থ বছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা যুব নারীর দক্ষতা বৃদ্ধির ১৪টি ব্যাচে ৪২০ জন। সেপ্টেম্বর/২০২১ খ্রিঃ মাস পর্যন্ত অত্র উপজেলার প্রশিক্ষণ প্রাপ্ত যুব ও যুব মহিলার সংখ্যা ১৮৭২ জন। চলতি অর্থবছরে ৩০ জন।

০২। আত্মকর্মসংস্থান উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় ২০২১-২২ খ্রিঃ অর্থ-বছরে আত্মকর্মসংস্থানের লক্ষ্যমাত্রা ৮৪ জন। অত্র উপজেলার শুরু থেকে সেপ্টেম্বর/২০২১ খ্রিঃ পর্যন্ত আত্মকর্মীর সংখ্যা ৫১১ জন। চলতি অর্থবছরে ২১ জন। অর্জিত লক্ষ্যমাত্রা শতভাগ।

০৩। যুব ঋণ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা যুব ঋণ সম্পর্কে সভায় জানান যে, অত্র উপজেলায় যুব ঋণের বরাদ্দের পরিমাণ ৪৭,৭০,০০০/- যা যুগায়মান তহবিল হিসাবে বর্তমানে ৫৩৯৩৮৭০/- হয়েছে। ২০২১-২২ খ্রিঃ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৭২ জনকে ৩৬,০০,০০০/- (ছত্রিশ লক্ষ টাকা)। সেপ্টেম্বর/২০২১ খ্রিঃ পর্যন্ত ইতিমধ্যে ১৪ জনকে ৫,৬০,০০০/- বিতরণ করা হয়েছে। চলমান আদায়যোগ্য ৩৯১৬০০/- আদায়কৃত ২২৯০০০/- আদায়ের হার ৭০%। ক্রমপুঞ্জিত বিতরণ ২১৪ জনকে ১২৩৬০০০/-। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য ৭৯৭৪০০০/-, ক্রমপুঞ্জিত আদায়কৃত ৭৮১১৭০০/- আদায়ের হার ৯৮%।

০৪। যুব সংগঠন : অত্র উপজেলায় ১৩টি তালিকাভুক্ত সংগঠন আছে। স্বীকৃতিপ্রাপ্ত ৪ টি। তন্মধ্যে সক্রিয় ৩টি। সংগঠনগুলো তাদের গঠনতন্ত্র অনুযায়ী বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে।

০৫। অত্র কার্যালয়ে বেকার যুব/যুব মহিলারা কৃষিক্ষেত্রিক প্রশিক্ষণ ছাড়াও কম্পিউটার, ফিল্মিং, মোবাইল সার্ভিসিং, ড্রাইভিংসহ বিভিন্ন কারিগরী প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণ নিয়ে তাদের বেকারত্ব দূর করতে চায়। যুব উন্নয়ন অধিদপ্তর শুধুমাত্র কৃষি ভিত্তিক ০৭দিন মেয়াদী প্রশিক্ষণের জন্য বরাদ্দ পেয়ে থাকে তাই উল্লিখিত প্রশিক্ষণ কোর্সগুলি তারাকান্দায় করানো সম্ভব হয়নি। এমতাবস্থায় তারাকান্দা উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচী অথবা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদান করা হইলে প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করা যাবে।

১. লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ, আত্মকর্মী সৃজন, ঋণ বিতরণ ও আদায় পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়।
২. যুব ঋণ যাতে প্রশিক্ষিত প্রকল্প গ্রহনকারী প্রকৃত যুবরাই পায় সে দিকে লক্ষ্য রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়। তাছাড়া প্রকল্পধারী যুব/যুব মহিলাদের প্রকল্পগুলি নিয়মিত পরিদর্শনপূর্বক তাদেরকে উৎসাহিত করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়।
৩. গ্রাম ভিত্তিক ইসেকট্রিশিয়ান তৈরীর প্রশিক্ষণটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য উপজেলা পরিষদের নিকট সুপারিশ করা হল ও উক্ত বিষয়টি আসামী উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হল।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ দিয়ে সভার কাজ শেষ করেন।



  
(মোঃ নজরুল ইসলাম নরেন)  
সভাপতি

যুব ও ক্রীড়া বিষয়ক উপজেলা কমিটি


ও  
ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
তারাকান্দা, ময়মনসিংহ।

স্মারক নং- ৩৪.০১.৬১৮৮.০০০.০৬.০৫৩.১৯ - ২২২

তারিখঃ ২৭/১০/২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
- ০৩। অফিস নথি।

  
(মোঃ রমিজ উদ্দিন আলম)  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
তারাকান্দা, ময়মনসিংহ।